



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-২/শের/ ৪০৭৫

তারিখ : ৩০/১২/১৫

বিষয় : বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে ঘোনাপাড়া উচ্চ বিদ্যালয়-কে ০১/০১/২০১৬ থেকে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- ১। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- ২। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইস্যুরেন্স ও প্রভিডেন্ট ফাও চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৩। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।
- ৪। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৫। বিদ্যালয় পাঠাগারে মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০/- (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

প্রাপকঃ প্রধান শিক্ষক,
ঘোনাপাড়া উচ্চ বিদ্যালয়,
পোঃ চৈতাজানী, থানাঃ শ্রীবরদী,
জেলাঃ শেরপুর।

উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- ৪০৭৫ (৭) .

তারিখ : ৩০/১২/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, শেরপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৭। অফিস কপি।

উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৩০/১২/১৫